সংবাদ

11 JAN 2009
পত্রিকা ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ...

# পাটগ্রামে প্রায় ১০ হাজার হতদরিদ্র শিক্ষার্থী উপবৃত্তি পাচ্ছে না

প্রতিনিধি, পাটগ্রাম (লালমনিরহাট)

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলায় প্রায় ১০ হাজার হতদরিদ্র মেধাবী শিক্ষার্থী ৬ মাস ধরে উপবৃত্তি পাচ্ছে না। উপজেলার ৬৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ২১টি রেজি. প্রাথমিক বিদ্যালয় এবং ১৯টি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের ৩০ হাজারেরও বেশি শিক্ষার্থী লেখাপড়া করছে। এদের মধ্যে ৪০ ভাগ হতদরিদ্র মেধাবী শিক্ষার্থী উপবৃত্তি পেত। গত ৬ মাস ধরে ওইসব শিক্ষার্থী উপবৃত্তি না পাওয়ায় হতদরিদ্র পরিবারের শিশুদের শিক্ষা উপকরণ কলম-খাতা কেনা হচ্ছে না, ফলে সবার জন্য প্রাথমিক শিক্ষা কার্যক্রম ভেস্তে যাচ্ছে। অনেক শিশু অভাবের তাড়নায় ঝরে পড়ছে। শিক্ষা অফিসের সহকারী আইয়ুব আলী জানান, হতদরিদ্র মেধাবী শিক্ষার্থী হিসেবে প্রত্যেক ছাত্রছাত্রী মাসে ১০০ টাকা পায়। একই পরিবারের দু'জন শিশু তালিকাভুক্ত হলে সেক্ষেত্রে মাসে ১২৫ টাকা হিসেবে ৩ মাস অন্তর ৩৭৫ টাকা পেয়ে থাকে। সরকারের দেয়া উপবৃত্তি বন্ধ হয়ে গেছে নাকি ফের দেয়া হবে এ বিষয়ে স্পষ্টভাবে বলতে পারেননি উপজেলা শিক্ষা অফিসার রবিউল ইসলাম। তিনি বলেন, প্রাইমারি শিক্ষা অর্জনে শিশুদের স্কুলগামী করার জন্য উপবৃত্তি একটি কার্যকরী পদক্ষেপ।